# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ৮০

১৩. নবী (ﷺ) ডান হাতে আংটি পরিধান করতেন (باب ما جاء في تختم رسول الله ﷺ)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ الْمُحَارِبِيُّ ، قَالَ : حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِمٍ ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ ، عَنْ نَافِعٍ ، عَنِ ابْنِ عُمَرَ ، قَالَ : اتَّخَذَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَاتَمًا مِنْ ذَهَبٍ ، فَكَانَ يَلْبَسُهُ فِي يَمِينِهِ ، فَاتَّخَذَ النَّاسُ خَوَاتِيمَ مِنْ ذَهَبٍ فَطَرَحَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , وَقَالَ : " لا أَلْبَسُهُ أَبدًا " فَطَرَحَ النَّاسُ خَوَاتِيمَهُمْ .

বাংলা

স্বর্ণের আংটি ব্যবহার করা যাবে না:

৮০. ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি স্বর্ণের আংটি তৈরি করান। তিনি তা ডান হাতে পরিধান করতেন। সাহাবায়ে কেরাম (রাঃ)ও তাঁর দেখাদেখি স্বর্ণের আংটি তৈরি করান। এক পর্যায়ে তিনি স্বর্ণের আংটিটি খুলে ফেলেন এবং বলেন, আমি কখনো তা পরিধান করব না। অতঃপর সাহাবায়ে কেরাম (রাঃ)ও তাঁদের আংটি খুলে ফেলেন।[1]

## English

Hazrat Ibn Umar radiyallahu anhu relates that the Prophet of Allah sallallahu alaihe wasallam had a ring made of gold which he wore on his right hand. The Sahabah radiyallahu anhum in imitating the Prophet of Allah sallallahu alaihe wasallam also had gold rings made for themselves. Thereafter, the Prophet of Allah sallallah alaihe wasallam threw away the gold ring and said, "I will never wear it again."

ফুটনোট

[1] শারহুস সুন্নাহ, হা/৩১২৯।

ব্যাখ্যা

ইসলামের প্রাথমিক যুগে স্বর্ণের ব্যবহার বৈধ ছিল। এজন্য রাসূলুল্লাহ (সাঃ) প্রথমে স্বর্ণের আংটি তৈরি করান এবং পরিধান করেন। অতঃপর সাহাবীগণও তাঁর অনুসরণে স্বর্ণের আংটি তৈরি করান। যখন স্বর্ণের ব্যবহার পুরুষের জন্য নিষিদ্ধ হয়, রাসূলুল্লাহ (সাঃ) তখন সে আংটিটি খুলে ফেলেন এবং সাহাবীগণও খুলে ফেলেন।

---

It was permissible to wear gold in the early periods of Islam. Subsequently, this was ordained haraam for men. All the Ulama are unanimous in that it is haraam for men to wear gold. Imam Nawawi has also stated the unanimous verdict of the Ulama in this respect. This subject is discussed at length in the books of fiqh. It will not be appropriate to discuss it here.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48994

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন